সিলেটে প্রবাসী আলেমেদ্বীনের সাথে উলামা মাশায়েখ পরিষদের মতবিনিময়

ডেস্ক রিপোর্ট: উলামা মাশায়েখ পরিষদ সিলেটের উপদেষ্টা মাওলানা সোহেল আহমদ বলেছেন, দুনিয়াব্যাপী ইসলামের সৌন্দর্য পৌঁছে দিতে উলামায়ে কেরামের ভূমিকা অনস্বীকার্য। তাদের মাধ্যমে আজ মানুষেরা দ্বীনের সঠিক শিক্ষা অর্জনের সুযোগ পাচ্ছেন। তিনি আরও বলেন, আলেমেদ্বীন ও ইমাম খতীব হিসেবে শুধু মসজিদ মাদ্রাসার নেতৃত্বে নয়, জাতির নেতৃত্ব দেয়ার জন্য নিজেদেরকে গড়ে তুলতে হবে। সেই লক্ষ্যে মানবতার কল্যাণে নিবেদিত হওয়া সময়ের দাবী।
তিনি বুধবার রাতে উলামা মাশায়েখ পরিষদ সিলেটের উদ্যোগে মাসজিদ আদম নিউজার্সি, যুক্তরাষ্ট্রের ইমাম ও খতীব শায়খ মোঃ আব্দুল মান্নানের সাথে মতবিনিময় ও সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথাগুলো বলেন। পরিষদের সেক্রেটারী ড. মাওলানা এ এইচ এম সোলায়মানের সভাপতিত্বে ও সাংগঠনিক সম্পাদক মাওলানা মাহমুদুর রহমান দিলাওয়ারের পরিচালনায় মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলেমেদ্বীন অধ্যক্ষ মাওলানা আব্দুস সালাম আল মাদানী, হাফিজ মাওলানা মিফতাহুদ্দীন আহমদ, শায়খ সাঈদ বিন নুরুজ্জামান মাদানী ও মাওলানা মুহাম্মাদ অলিউর রহমান সিরাজী। উপস্থিত ছিলেন আলেমেদ্বীন মাওলানা খলীলুর রহমান, হাফিজ মাওলানা মাহবুবুর রহমান, অধ্যক্ষ মাওলানা আলী আক্কাস মোল্লা, মাওলানা মাহবুবুর রহমান সিদ্দিকী ও হাফিজ মাওলানা জিল্লুর রহমান প্রমুখ। হাফিজ মহি উদ্দীন নাকিবের পবিত্র কুরআন তিলাওয়াতের মধ্য দিয়ে সূচীত অনুষ্ঠানে ইসলামী সংগীত পরিবেশন করেন শায়খ মোঃ আব্দুল মান্নানের ছেলে যুক্তরাষ্ট্র প্রবাসী আদিব আব্দুল্লাহ।
সম্মাননা স্মারক গ্রহণের পর বক্তব্য উপস্থাপনকালে শায়খ মোঃ আব্দুল মান্নান বলেন, কুরআন, হাদীস-সুন্নাহ’র জ্ঞানার্জনে দিন দিন মানুষের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। আল-হামদুলিল্লাহ। এই আগ্রহকে কাজে লাগাতে সার্বিক প্রস্তুতিসহ উলামায়ে কেরামের এগিয়ে আসা উচিৎ। নিজেদেরকে আরও যোগ্য হিসেবে গড়ে তুলতে সক্রিয় হওয়া জরুরী। প্রজ্ঞা ও দূরদর্শিতার সাথে দাওয়াতে দ্বীনের কাজে মনোনিবেশ করতে হবে। বিজ্ঞপ্তি